

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৪৬

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৯১. মক্কা ও মদীনার মসজিদদ্বয়ে সালাত আদায়ের ফ্যীলত

باب فَضْل الصَّلاةِ بِمَسْجِدَىْ مَكَّةَ وَالْمَدِينَةِ

আরবী

حَدَّثَنِي إِسْحَاقُ بِنُ مَنْصُورٍ، حَدَّثَنَا عِيسَى بِنُ الْمُنْذِرِ الْحِمْصِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ، حَرْبٍ حَدَّثَنَا الزُّبَيْدِيُّ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بِن عَبْدِ الرَّحْمَنِ، وَأَبِي عَبْدِ اللَّهِ الأَغْرِ، مَوْلَى الْجُهَنِيِّينَ _ وَكَانَ مِنْ أَصْحَابِ أَبِي هُرِيْرَةَ _ أَنَّهُمَا سَمِعَا أَبًا هُرَيْرَةَ يَقُولُ صَلاَةً فِي مَسْجِدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَفْضَلُ مِنْ أَلْفَ صِلَمَ آخِرُ الأَنْبِيَاءِ وَإِنَّ الْمَسَاجِدِ إِلاَّ الْمَسْجِدِ الْحَرَامَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم آخِرُ الأَنْبِيَاءِ وَإِنَّ الْمَسَاجِدِ إِلاَّ الْمَسَاجِدِ . قَالَ أَبُو سَلَمَةَ وَأَبُو عَبْدِ اللَّهِ لَمْ نَشُكَّ أَنَّ أَبًا هُرَيْرَةَ كَانَ يَقُولُ مَسْجِدَهُ آخِرُ الْمُسَاجِدِ . قَالَ أَبُو سَلَمَةَ وَأَبُو عَبْدِ اللَّهِ لَمْ نَشُكَّ أَنَّ أَبًا هُرَيْرَةَ كَانَ يَقُولُ مَسْجِدَهُ آخِرُ الْمُسَاجِدِ . قَالَ أَبُو سَلَمَةَ وَأَبُو عَبْدِ اللَّهِ لَمْ نَشُكَّ أَنَّ أَبًا هُرَيْرَةَ كَانَ يَقُولُ عَنْ دَلِكَ مَدِيث رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَمَنَعَنَا ذَلِكَ أَنْ نَسْتَثْبِتَ أَبًا هُرَيْرَةَ فِي عَنْ ذَلِكَ الْحَدِيث حَتَّى يُسْتِدَهُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم إِنْ كَانَ سَمِعَهُ مِنْهُ فَبَيْنَا نَحْنُ لَكُ وَتَلاَوَمْنَا أَنْ لاَ نَكُونَ كَلَّمْنَا أَبًا هُرَيْرَةَ فِي الْكَ جَالَسَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِبْرَاهِيمَ أَشْهُدُ أَنِي سَمِعْتُ أَبًا هُرَيْرَةَ يَقُولُ مِنْ نَصَ لِّ أَبِي هُرُولُ اللّهِ عليه وسلم " فَإِنِّي آخِرُ الأَنْبِيَاءِ وَإِنَّ مَسْجِدِي آ خَرُ الْمُسَاجِدِ " قَالَ رَسُولُ اللَّه عليه وسلم " فَإِنِّي آخِرُ الأَنْبِياءِ وَإِنَّ مَسْجِدِي آ خِرُ الْمُسَاجِدِ "

বাংলা

৩২৪৬। ইসহাক ইবনু মানসূর (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) এর শাগরিদ আবৃ সালামা ইবনু আবদুর রহমান ও আবৃ আবদুল্লাহ আগার (জুহায়না গোত্রের মুক্তদাস) থেকে বর্ণিত। তাঁরা উভয়ে আবৃ হুরায়রা (রাঃ) কে বলতে শুনেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মসজিদে এক (রাকআত) সালাত আদায় মাসজিদ হারাম ব্যতীত অন্য যে কোন মসজিদে হাজার (রাক'আত) সালাত অপেক্ষাও উত্তম। কেননা, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম নবীগণের সর্বশেষ এবং তার মসজিদ (নবী-রাসুলগণ কর্তৃক নির্মিত মসজিদসমুহের মধ্যে) সর্বশেষ মসজিদ।

আবৃ সালামা ও আবৃ আবদুল্লাহ (রহঃ) বলেন, নিঃসন্দেহে আবৃ হুরায়রা (রাঃ) যেসব কথা বলেছেন, তা রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস থেকেই বলেছেন। এজন্য আমরা তার ইন্তেকালের পূর্ব পর্যন্ত তাঁর নিকট থেকে এই হাদীস সত্যায়িত করে নেওয়ার প্রয়োজন বোধ করি নি। আবৃ হুরায়রা (রাঃ) এর ইন্তেকালের পর তাঁর নিকট থেকে এই হাদীসের সত্যায়ন সম্পর্কে আমরা পরস্পর আলোচনা করি এবং একে অপরকে দোষারোপ করি যে কেন আমরা এই হাদীস সম্পর্কে আবৃ হুরায়রা (রাঃ) কে জিজ্ঞাসা করি নি যে, তিনি তা রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শুনে বর্ণনা করেছেন কিনা।

এ অবস্থায় একদা আমরা আবদুল্লাহ ইবনু ইবরাহীম ইবনু কারিযের কাছে বসলাম এবং এই হাদীস ও তা আবৃ হুরায়রা (রাঃ) কর্তৃক রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে বর্ণিত হওয়া সম্পর্কে আলোচনা উত্থাপন করলাম। তখন আবদুল্লাহ ইবনু ইবরাহীম ইবনু কারিয (রহঃ) আমাদের বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চিত আমি আবৃ হুরায়রা (রাঃ) কে বলতে শুনেছি যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "অতএব অবশ্যই আমি নবীগণের সমাপ্তি এবং আমার মসজিদ সর্বশেষে মসজিদ।

English

Abu Huraira (Allah be pleased with him) reported:

Prayer in the mosque of Allah's Messenger (ﷺ) is more excellent than a thousand prayers in other mosques except the Masjid al-Haram, for Allah's Messenger (ﷺ) is the last of the Apostles, and his mosque is the last of the mosques. Abu Salama and Abu Abdullah (two of the narrators in this chain of narrations said: We had no doubt that what Abu Haraira (Allah be pleased with him) had said was from Allah's Messenger (ﷺ), and so we did not like to get an attestation from Abu Huraira about this hadith until Abu Huraira (Allah be pleased with him) died. We discussed it (the issue of getting attestation from Abu Huraira) amongst ourselves and blamed one another as to why we did not talk about it to Abu Huraira regarding it so that he could attribute its transmission to Allah's Messenger (ﷺ) in case he had heard It from him. While we were discussing it as we sat with 'Abdullah b. Ibrahlm b. Qariz; we made a mention of this hadith, and our omission (in getting its attestation) about its direct transmission by Abu Huraira from him (the Holy Proohet); thereupon Abdullah b. Ibrahim said to us: I bear witness to the fact that I heard Abu Huraira (Allah be pleased with him) say that Allah's Messenger (ﷺ) said: I am the last of the Apostles and my mosque is the last of the mosques.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন